



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

১৩৮৭৬

নং- বামাশিবো/প্রশাসন/নারায়নগঞ্জ-৩৯/ ১৩৮৭/৪

তারিখঃ ১০/০৮/২০১৭খ্রিঃ

বিষয়ঃ তদন্ত প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।


- সূত্রঃ ১) ১০ম জাতীয় সংসদের চতুর্দশ অধিবেশনে উত্থাপিত মাননীয় সংসদ সদস্য জনাব মোঃ আব্দুল মতিন, (মৌলভীবাজার-২) এর অভিযোগ।
২) নং- বামাশিবো/প্রশাসন/নারায়নগঞ্জ-৩৯/১৯৫৪; তারিখঃ ০২/০২/২০১৭খ্রিঃ
৩) নং- বামাশিবো/প্রশাসন/নারায়নগঞ্জ-৩৯/২১৬০/৪; তারিখঃ ২২/০৩/২০১৭খ্রিঃ
৪) স্মারক নং- ০৫.৪১.৬৭৬৮.০০০.৩৭.০১৪.১৬-৩৭১(সং); তারিখঃ ২৬ জুলাই ২০১৭

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সর্বিনয়ে জানানো যাচ্ছে যে, নারায়নগঞ্জ জেলার রূপগঞ্জ উপজেলাধীন কায়েতপাড়া ইউনিয়ন বড়ালু পাড়াগাঁও বাতেনিয়া দাখিল মাদরাসার সুপার জনাব আবদুল হাই এর বিরুদ্ধে “পাঠ্যপুস্তক আনয়নে খরচ দাবী করিয়া ৬ষ্ঠ শ্রেণির ছাত্র/ছাত্রী প্রতি ৫০০/- (পাঁচশত), ৮ম শ্রেণির ছাত্র/ছাত্রী প্রতি ৫৭০/- (পাঁচশত সত্তর) টাকা হারে প্রায় ২০০ ছাত্র/ছাত্রীর নিকট থেকে বিপুল অংকের টাকা হাতাইয়া নিতেছে” মর্মে ১০ম জাতীয় সংসদের চতুর্দশ অধিবেশনে মাননীয় সংসদ সদস্য জনাব মোঃ আব্দুল মতিন, (মৌলভীবাজার-২) অভিযোগ প্রদান করেন (কপি সংযুক্ত)।

উল্লিখিত অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য সূত্রে উল্লিখিত ২ ও ৩ নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, রূপগঞ্জ, নারায়নগঞ্জকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রূপগঞ্জ, নারায়নগঞ্জ এর মাধ্যমে তদন্ত পূর্বক সূত্রে উল্লিখিত ৪নং স্মারকে একটি প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেছেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, পাঠ্যপুস্তক বিতরণে কোন প্রকার অর্থ লেনদেন হয়নি। তবে কারও ব্যক্তিগত দ্বন্দ্ব কিংবা কাউকে হয়রানি করার জন্য এ ধরনের পরিস্থিতির উদ্ভব হয়েছে (কপি সংযুক্ত)।

বিষয়টি মহোদয়কে সর্বিনয়ে অবহিত করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক.....(.....) পাতা।


প্রফেসর এ. কে. এম. ছায়েক উল্লাহ
চেয়ারম্যান
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোনঃ ৫৮৬১০২১৬

সচিব
কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



অনুলিপিঃ

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. জনাব মোঃ আখতারউজ্জামান, সিনিয়র সহকারী সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. অফিস কপি।